প্রথম আলো

তারিখ: 15 OCT 2008
পৃষ্ঠা - ৫ কলাম - ৫

# ময়মনসিংহের ২১৭টি মাধ্যমিক বিদ্যালয়ের বিষয়ে দুদকের চিঠি

নিজস্ব প্রতিবেদক, *ময়মনসিংহ*

ময়মনসিংহের ২১৭টি মাধ্যমিক বিদ্যালয়ের অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা ও প্রধান শিক্ষক না থাকার সমস্যাগুলোর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা নিতে জেলা প্রশাসনকে চিঠি দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের প্রতিরোধ ও গণসচেতনতা বিভাগ থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে এ চিঠি পাঠানো হয়। এতে অনিয়ম ও অব্যবস্থাপনায় জড়িত কিছু মাদ্রাসার তালিকাও পাঠানো হয়।

জেলা প্রশাসন ও দুদক সূত্রে জানা যায়, বিগত রাজনৈতিক সরকারগুলোর সময়ে জেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় শিক্ষক নিয়োগ, পরিচালনা কমিটি গঠন, আর্থিক খাত পরিচালনাসহ নানা অনিয়ম ও দুর্নীতির ঘটনা ঘটেছে। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পরও এসব অনিয়ম ও দুর্নীতি কমেনি। দুদকের কাছে এসব বিষয়ে বেশ কিছু অভিযোগও জমা পড়ে।

দুদকের প্রতিরোধ ও গণসচেতনতা বিভাগের উপপরিচালক মো. আফজালুর রহমান বলেন, ময়মনসিংহ জেলার মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান ও মাদ্রাসাগুলোর দুর্নীতি বন্ধে প্রধান শিক্ষক-অধ্যক্ষ নিয়োগ, শূন্য পদে শিক্ষক নিয়োগ, নিয়মিত কমিটি গঠন, আয়-ব্যয়ের হিসাব সম্পন্ন করাসহ বেশ কিছু কার্যক্রম আগামী ডিসেম্বর মাসের মধ্যে শেষ করার জন্য ময়মনসিংহ জেলা প্রশাসন এবং উপজেলা প্রশাসনকে চিঠি দেওয়া হয়েছে। দুদক এসব সমস্যা, অনিয়ম ও অব্যবস্থাপনা দূর করতে সব রকম সহায়তা দেবে।

দুদকের চিঠির ব্যাপারে ময়মনসিংহের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) রতন চন্দ্র পণ্ডিত বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর সমস্যা সমাধানে তাঁরা প্রয়োজনীয় উদ্যোগ নিচ্ছেন।